# AKASHVANI(AIR)
## RNU: KOLKATA
### Bengali Text Bulletin

**26-04-2026** **Time: 7.50 PM**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ২০২৭ সালের জনগণনায় সমস্ত তথ্য ডিজিটালি নথিভুক্ত করা হচ্ছে। আকাশবাণীতে আজ মন কি বাতের ১৩৩ তম পর্বে তিনি স্বতঃস্ফূর্তভাবে জনগণনায় অংশগ্রহণের জন্য দেশের নাগরিকদের প্রতি আহ্বান জানান।

২) ফ্রান্সে আয়োজিত গণিত অলিম্পিয়াডে ভারতীয় মেয়েদের সাফল্যে সন্তোষ ব্যক্ত করেছেন প্রধানমন্ত্রী।

৩) রাজ্যের বিধানসভা নির্বাচনের দ্বিতীয় দফায় ভোটগ্রহণের জন্য প্রচারাভিযানের সময়সীমা আগামীকাল সন্ধ্যায় শেষ হচ্ছে। তার আগে আজ শেষ রবিবার বিজেপি, তৃণমূল কংগ্রেস, কংগ্রেস, বাম সহ সব রাজনৈতিক দলগুলি প্রচারের গতি বাড়িয়েছে।

বরিষ্ঠ বিজেপি নেতা নরেন্দ্র মোদী অনুপ্রবেশ নিয়ে তৃণমূল কংগ্রেস সরকারের সমালোচনায় ফের সরব হয়েছেন।

তৃণমূল কংগ্রেস নেত্রী নির্বাচনে কারচুপির অভিযোগ করেছেন।

৪) দ্বিতীয় দফা বিধানসভা নির্বাচনের আগে আজ কলকাতায় প্রশাসসনিক কর্তাদের সঙ্গে সমন্বয় বৈঠকে আইনশৃঙ্খলা রক্ষায় নজরদারি বাড়াতে নির্দেশ নির্বাচন কমিশনের।

৫) ভোটের প্রস্তুতি খতিয়ে দেখতে মুখ্য নির্বাচনী আধিকারিক আজ দক্ষিণ ২৪ পরগনা এবং পূর্ব বর্ধমান জেলা সফর করেন। দ্বিতীয় দফার জন্য ট্রাইব্যুনালে নিষ্পত্তি হওয়া ভোটারদের চূড়ান্ত তালিকা আগামীকাল প্রকাশিত হবে বলে তিনি জানিয়েছেন।

৬) আইপিএল ক্রিকেটে লক্ষ্ণৌ সুপারজায়ান্টস টসে জিতে কলকাতা নাইট রাইডার্সকে ব্যাট করতে পাঠিয়েছে।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ২০২৭ সালের জনগণনাকে ডিজিটাল করা হয়েছে এবং সমস্ত তথ্য অনলাইনে নথিভুক্ত হচ্ছে। আকাশবাণীতে আজ মন কি বাতে ১৩৩ তম পর্বে তিনি স্বতঃস্ফূর্তভাবে জনগণনায় অংশগ্রহণের জন্য দেশের নাগরিকদের প্রতি আহ্বান জানান। শ্রী মোদী বলেন, এবারের জনগণনায় সাধারণ নাগরিক নিজেরাই তাদের তথ্য অ্যাপে আপলোড করতে পারবেন। এজন্য একটি বিশেষ আইডি পাবেন তারা। পরে গণনার জন্য নিযুক্ত কর্মী বাড়িতে এলে সেই আইডি দেখিয়েই তথ্য নিশ্চিত করা যাবে।

আজকের মন কি বাতে প্রধানমন্ত্রী বলেন, ফ্রান্সে আয়োজিত গণিত অলিম্পিয়াডে ভারতীয় মেয়েরা অসাধারণ কৃতিত্ব দেখিয়েছে। এ প্রসঙ্গে কলকাতার শ্রীময়ী বেড়ার কথা উল্লেখ করেন তিনি।

বাইট অলিম্পিয়াড

শ্রী মোদী ২৫শে বৈশাখ, রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মবার্ষিকী উপলক্ষে তাঁর উদ্দেশে শ্রদ্ধা জানিয়ে বলেন, সারা বিশ্বে আজও রবীন্দ্রসংগীতের প্রভাব অনস্বীকার্য।

(Byte- Tagore/ ৩৮ সে. )

২৩ শে জানুয়ারি নেতাজি সুভাষচন্দ্র বসুর জন্মদিন থেকে ৩০ শে জানুয়ারি গান্ধীজীর পুণ্য তিথি পর্যন্ত গণতন্ত্রের মহোৎসব উদযাপন করা হয়। প্রধানমন্ত্রী বলেন, এই মহোৎসবের গুরুত্বপূর্ণ অংশ হল বিটিং দ্য রিট্রিট। এই অনুষ্ঠানে দেশের তিন বাহিনীর ব্যান্ডের প্রদর্শনীর কথাও এদিন উঠে আসে তাঁর বক্তব্যে।

প্রধানমন্ত্রী বলেন, বর্তমান সময়ে দাঁড়িয়ে ভগবান বুদ্ধের শান্তির আদর্শ গোটা বিশ্বকে পথ দেখাচ্ছে। বুদ্ধ পূর্ণিমা উদযাপনের মধ্য দিয়ে মে মাসের সূচনা হবে। এই উপলক্ষে সকলকে শুভেচ্ছা জানিয়েছেন তিনি।

গ্রীষ্মের এই মরসুমে সকলকে স্বাস্থ্যের দিকে বিশেষ নজর দেওয়ার পরামর্শ দেন প্রধানমন্ত্রী।

----------------

রাজ্যের বিধানসভা নির্বাচনের দ্বিতীয় দফায় ভোটগ্রহণের জন্য প্রচারাভিযানের সময়সীমা আগামীকাল সন্ধ্যে ৬টায় শেষ হচ্ছে। এই পর্বে ২৯শে এপ্রিল ৭টি জেলার ১৪২টি আসনে ভোট নেওয়া হবে। তার আজ শেষ রবিবার সব রাজনৈতিক দলগুলি প্রচারের গতি বাড়িয়েছে।

বরিষ্ঠ বিজেপি নেতা নরেন্দ্র মোদী আজ উত্তর ২৪ পরগণার বনগাঁর ঠাকুরনগরে এক জনসভায় অনুপ্রবেশ এবং সিন্ডিকেট ইস্যুতে তৃণমূল কংগ্রেস সরকারের সমালোচনায় ফের সরব হন। অবৈধ উপায়ে যারা জাল নথি বানিয়ে এদেশে বসবাস করছে, বিজেপি সরকার ক্ষমতায় এলে তাদের রাজ্য তথা দেশ ছাড়তে হবে বলে হুঁশিয়ারি দেন তিনি। মতুয়াদের নাগরিকত্ব পাওয়া নিয়ে দুশ্চিন্তার কোনো কারণ নেই বলে তিনি জানান।

(বাইট-মোদী/ মতুয়া )

হুগলীর হরিপালে দলীয় প্রার্থীর সমর্থনে জনসভায় শ্রী মোদী বলেন, মা মাটি মানুষের স্লোগোন দিয়ে ক্ষমতায় এলেও তৃণমূল কংগ্রেস নেতারা মাকে কাঁদিয়েছে, মাটিকে অনুপ্রবেশকারীর হাতে তুলে দিয়েছে এবং মানুষের ওপর অত্যাচার চালিয়েছে।

এরপর শ্রী মোদী উত্তর কলকাতার ঠনঠনিয়া কালিবাড়িতে পুজার্চনার পাশাপাশি BK পাল অ্যাভিনিউ থেকে খান্না ক্রসিং পর্যন্ত রোড শো করেন।

অপর বরিষ্ঠ বিজেপি নেতা অমিত শাহ নদীয়ার তেহট্ট এবং রানাঘাটের আনুলিয়ায় দলীয় প্রার্থীর সমর্থনে এক জনসভা করেন। এই নির্বাচনে বিজেপি বিপুল সংখ্যা গরিষ্ঠতা নিয়ে ক্ষমতায় আসবে বলে প্রত্যয় ব্যক্ত করেন তিনি।

তৃণমূল কংগ্রেসের নেত্রী মমতা ব্যানার্জী, কলকাতার চক্রবেড়িয়ায় রোড শো করেন। ভবানীপুরের মনসাতলায় এক জনসভায় তিনি নির্বাচনে কারচুপির অভিযোগ তোলেন। ইভিএম খারাপ করে দেওয়ার চেষ্টা হবে বলেও আশঙ্কা প্রকাশ করেন তিনি।

বাইট মমতা

দলের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়, পূর্ব বর্ধমানের পূর্বস্থলীতে দলীয় প্রার্থীদের সমর্থনে জনসভায় বলেন, বিজেপি, মানুষের স্বার্থে কোনো কাজই করেনি। কেন্দ্রের বিরুদ্ধে বিভিন্ন প্রকল্পে রাজ্যকে বঞ্চনা করার অভিযোগ করেন তিনি।

আম আদমি পার্টি আহ্বায়ক অরবিন্দ কেজরিওয়াল বেলেঘাটা ও বালিগঞ্জে তৃণমূল কংগ্রেস প্রার্থীর সমর্থনে প্রচারে যোগ দেন।

কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী আজ ভবানীপুরে দলীয় প্রার্থীর সমর্থনে প্রচারে যোগ দিচ্ছেন।

CPIM-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম, প্রাক্তন পলিটব্যুরো সদস্য বৃন্দা কারাত আজ উত্তর ২৪ পরগণার পানিহাটি ও খড়দা কেন্দ্রে দলীয় প্রার্থীর সমর্থনে জনসভা করেন।

-----------------

দ্বিতীয় দফা বিধানসভা নির্বাচনের আগে আইনশৃঙ্খলা রক্ষায় নজরদারি বাড়াতে নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন। কোনো বিস্ফোরক উদ্ধার বা কোনো ভোটারকে হুমকি দেওয়া হলে ২৪ ঘন্টার মধ্যে পদক্ষেপ করতে বলা হয়েছে। এর অন্যথা হলে সংশ্লিষ্ট

থানার ওসি বা আই সি-র বিরুদ্ধে পদক্ষেপ নেবে কমিশন। ভোটের প্রস্তুতি খতিয়ে দেখতে নির্বাচন কমিশন আজ আলিপুরে ধনধান্য অডিটোরিয়াম-এ কলকাতা ও দক্ষিণ ২৪ পরগনার প্রশাসনিক কর্তাদের সঙ্গে সমন্বয় বৈঠক করে। বৈঠকে পুলিশ ও কেন্দ্রীয় বাহিনীকে আসন ভিত্তিক দায়িত্ব বুঝিয়ে দেওয়া হয়। শুধু বুথে নয়, সেখানে পৌঁছনোর রাস্তাতেও নজরদারি বাড়াতে বলা হয়েছে।

কলকাতা পুলিশ কমিশনার অজয় নন্দ জানিয়েছেন, অবাধ, স্বচ্ছ এবং হিংসামুক্ত নির্বাচন সুনিশ্চিত করতে যাবতীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে।

-----------------

বিধানসভা নির্বাচনের দ্বিতীয় দফার প্রস্তুতি খতিয়ে দেখতে মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল আজ দক্ষিণ ২৪ পরগনা এবং পূর্ব বর্ধমান জেলা সফর করেন। প্রথমে কাকদ্বীপে পৌঁছে মহকুমা শাসকের দপ্তরে প্রশাসনিক আধিকারিক এবং বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করেন। ভোটদাতারা সম্পূর্ণ নির্ভয়ে যাতে নিজেদের ভোটাধিকার প্রয়োগ করতে পারেন, সেজন্য কমিশন সবরকম ব্যবস্থা নিয়েছে বলে তিনি জানান। শ্রী আগারওয়াল বলেন, বুথের একশো মিটার এলাকায় অনুমতি ছাড়া কেউ প্রবেশ করতে পারবে না। বুথমুখী রাস্তাতেও সিসি ক্যামেরা বসানোর পরিকল্পনা হয়েছে বলে জানা গেছে।

এরপর পূর্ব বর্ধমানের কাটোয়ায় পৌঁছে জেলা প্রশাসন ও পুলিশ আধিকারিকদের সঙ্গে বৈঠকে যোগ দেন। বিভিন্ন এলাকা পরিদর্শন করে স্থানীয় বাসিন্দাদের সঙ্গে কথা বলেন তিনি। এরপর তিনি কালনায় গিয়ে ভোটের প্রস্তুতি পর্যালোচনা করেন।

পরে সাংবাদিকদের তিনি বলেন, দ্বিতীয় দফার জন্য ট্রাইব্যুনালে নিষ্পত্তি হওয়া ভোটারদের তালিকা আগামীকাল প্রকাশিত হবে। তালিকায় অন্তর্ভুক্ত হওয়া ব্যক্তিরা এই নির্বাচনে ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন।

বাইট

-----------------

কলকাতা সহ উত্তর ও দক্ষিণবঙ্গের বেশিরভাগ জেলাতেই আজ বজ্র বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা। এই সময় ৫০ থেকে ৬০ কিলোমিটার বেগে দমকা হাওয়া বইতে পারে।

বীরভূম, মুর্শিদাবাদ, পূর্ব বর্ধমান, বাঁকুড়া ও পশ্চিম মেদিনীপুরে আজ ও আগামীকাল শিলাবৃষ্টি হতে পারে। আগামীকাল থেকে রাজ্যের সর্বত্র বৃষ্টির পরিমাণ বাড়বে। সেই কারণে আগামী পাঁচ-ছ দিন মৎস্যজীবীদের সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ সৌরিশ বন্দ্যোপাধ্যায় আকাশবাণীকে বলেন, মেঘলা আকাশ ও বৃষ্টির কারণে আগামীকাল বিকেলের পর থেকে তাপমাত্রা কমতে শুরু করবে। আগামী কয়েক দিনে তা তিন থেকে চার ডিগ্রি পর্যন্ত কমার সম্ভাবনা। আজ আলিপুরে সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ৩৩ দশমিক ৬ ডিগ্রী সেলসিয়াস যা স্বাভাবিকের থেকে ২ ডিগ্রি কম এবং সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭.৪ ডিগ্রি সেলসিয়াস যা স্বাভাবিকের থেকে এক দশমিক দুই ডিগ্রি বেশি।

-----------------

লখনউ এর একানা ক্রিকেট স্টেডিয়ামে আজ সন্ধ্যায় আইপিএলের ম্যাচে কলকাতা নাইট রাইডার্স, লখনউ সুপার জায়ান্টস এর মুখোমুখি হয়েছে। লখনউ টসে জিতে

কলকাতাকে ব্যাট করতে পাঠিয়েছে। কলকাতা ব্যাট করতে নেমে শেষ পাওয়া খবরে, চার ওভার এক বলে ২ উইকেটে ২৪ রান করেছে।

অপর ম্যাচে চেন্নাইয়ের এম এ চিদাম্বরম স্টেডিয়ামে গুজরাট টাইটানস চেন্নাই সুপার কিংসকে আট উইকেটে হারিয়ে দিয়েছে।

-----------------

হায়দ্রাবাদের গাছিবোলি ষ্টেডিয়ামে আজ আইএসএল ফুটবলে মহামেডান স্পোর্টিং, স্পোর্টিং দিল্লির খেলাটি ২-২ গোলে শেষ হয়েছে।

মহামেডান স্পোটিং এর এডিসন সিং ও হীরা মণ্ডল এবং স্পোটিং দিল্লির মাতিজা ব্যাবোভিক দুটি গোল করেছেন।

----------------- -----------------